

তারিখ: ১৩/০৫/২০২৪ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদন বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন করতে আগ্রহী শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

১। প্রাথমিক আবেদনের সময়সূচী:

- (ক) প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংগ্রহের তারিখ : ১৪/০৫/২০২৪ থেকে ২৭/০৫/২০২৪ খ্রি.
(খ) ফরমের প্রিন্টকপি সংশ্লিষ্ট বিভাগে জমাদানের শেষ তারিখ : ২০/০৫/২০২৪ থেকে ২৭/০৫/২০২৪ খ্রি.

২। আবেদনের যোগ্যতা:


- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় ন্যূনতম ৪৫% অথবা সিজিপিএ ২.২৫ থাকতে হবে। এছাড়া ভর্তিচ্ছু বিষয়ে ন্যূনতম ন্যূনতম ৪০% অথবা জিপিএ ২.০০ পেতে হবে।
(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ অথবা স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত অথবা মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা বর্তমানে অন্য যে কোন প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।

৩। প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:


- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions এর Masters Tab -এ গিয়ে Apply Now অপশনে ক্লিক করে প্রদর্শিত সকল তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া “জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষাকার্যক্রমে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইনে আবেদনের সময় স্ক্যান করে আপলোড করতে হবে।
(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ 120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।
(গ) ছবিসহ সকল তথ্য এন্ট্রি করে Submit অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।
(ঘ) চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

৪। আবেদনের সাথে জমা দিতে হবে:

- (ক) প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিন শত) টাকা কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।
(খ) এসএসসি, এইচএসসি ও স্নাতক (পাস) পরীক্ষা পাশের নম্বরপত্রের ফটোকপি- ১কপি করে।
(গ) স্নাতক (পাস) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ১কপি।
(ঘ) কোটায় ভর্তির ক্ষেত্রে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।


(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


১৩/০৫/২০২৪

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
২। বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
৫। সংরক্ষণ নথি।